বিরল সংবাদ

১৯-২৫ জানুয়ারী ২০২১, মঙ্গলবার

# ঠাকুরগাঁওয়ে বেড়েছে ভুট্টার আবাদ



ঠাকুরগাঁও প্রতিনিধি ॥

দেশের উত্তরের কৃষিপ্রধান জনপদ ঠাকুরগাঁও। দেশে মোট উৎপাদিত গমের একটা বড় অংশই চাষ হয় এ জেলায়। প্রতি বছরই অন্যান্য ফসলের তুলনায় গমের চাষ বেশি হয় এখানে। তবে এর ভিন্ন চিত্র দেখা গেছে চলতি মৌসুমে। ঠাকুরগাঁওয়ে এ বছর গমের আবাদ কমে গেছে। গত বছর গমের দাম কম পাওয়ায় এ বছর কৃষকরা অনেকটাই গম চাষে আগ্রহ হারিয়ে ফেলেছে। এ বছর জেলার বিভিন্ন উপজেলা ও সদর উপজেলার বিভিন্ন গ্রাম ঘুরে দেখা যায়, কৃষকরা গম আবাদ না করে ভুট্টা চাষে ঝুঁকেছেন বেশি। কারণ গমের চেয়ে ভুট্টায় লাভ হচ্ছে বেশি। বর্তমানে ভুট্টার বাজারদর তুলনামুলক গমের চেয়ে অনেক বেশি রয়েছে বলে জানা গেছে।

কৃষি সম্প্রসারণ অধিদফতরের উপসহকারী কৃষি কর্মকর্তা রাসেল ইসলাম জানান, জেলায় এ মৌসুমে গম আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৪৭ হাজার ৪৫০ হেক্টর জমিতে। যার উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১ লাখ ৮৯ হাজার ৯৩৮ টন। যা গত বছরে আবাদ করা হয় ৫০ হাজার ৬৫০ হেক্টর জমিতে। এ মৌসুমে সদর উপজেলায় ৯ হাজার ৮শ' হেক্টর, বালিয়াডাঙ্গীতে ১১ হাজার ৭শ' হেক্টর, পীরগঞ্জে ১০ হাজার ৯শ' হেক্টর, রানীশংকৈলে ৯ হাজার ৯৫০ হেক্টর এবং হরিপুর উপজেলায় ৫ হাজার ১শ' হেক্টর জমি। ঠাকুরগাঁও সদর উপজেলার নারগুন সেন্টারহাট এলাকার কৃষক আলিম উদ্দিন জানান, তিনি গত বছর সাড়ে ৪ বিঘা জমিতে গম আবাদ করেছিলেন। তবে দাম - *৪ এর পাতায় দেখুন*

## ঠাকুরগাঁওয়ে বেড়েছে ভুট্টার আবাদ

না পাওয়ায় এ বছর ১ বিঘা (৫০ শতাংশ) জমিতে গম আবাদ করেছেন। একই সঙ্গে গম আবাদ কম করার কারণ হিসেবে সার ও কীটনাশকের দাম তুলনামূলক বেশিকেও দায়ী করেন তিনি। জেলা কৃষি সম্প্রসারণ অধিদফতরের উপপরিচালক আফতাব হোসেন জানান, বাংলাদেশের সবচেয়ে বেশি গম আবাদ হতো ঠাকুরগাঁওয়ে। কিন্তু গত বছর গমের দাম কম থাকায় কৃষকরা এ বছর গমের আবাদ কম করছেন। তিনি জানান, বর্তমানে ভুট্টার আবাদ বেড়েছে। গমের চেয়ে বেশি লাভজনক হওয়ায় কৃষকরা ভুট্টা চাষে বেশি ঝুঁকছেন। ভুট্টার ফলনও ভালো হওয়ায় তারা দামও পাচ্ছে চাহিদা মতো।